অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাফোক কাউন্টিতে 38 মিলিয়ন মার্কিন ডলারের 53 ইউনিটের ট্রানজিট কেন্দ্রিক সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন

পোর্ট জেফার্সন গ্রামের Perry & Main, LIRR স্টেশন থেকে মাত্র এক ব্লক দূরের পরিত্যক্ত সম্পত্তিকে আধুনিক অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করবে

আরো সাশ্রয়ী আবাসন নির্মাণে গভর্নরের দৃঢ় অঙ্গীকার বজায় থাকছে

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল (Kathy Hochul) আজকে Perry & Main-এর নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন, এটি একটি 38 মিলিয়ন মার্কিন ডলারের এই ট্রানজিট কেন্দ্রিক, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট প্রজেক্ট যা সাফোক (Suffolk) কাউন্টির পোর্ট জেফার্সন (Port Jefferson) গ্রাম ও ব্রুকহাভেন (Brookhaven) টাউনে 53টি সাশ্রয়ী আবাসন ইউনিট তৈরি করবে। Perry Street এবং Main Street-এ অবস্থিত Perry & Main দুটি খালি সম্পত্তির স্থানে তিন তলা আবাসিক ও বাণিজ্যিক ডেভেলপমেন্ট নির্মাণ করবে যার মাধ্যমে গণপরিবহনের কাছাকাছি Main Stree-এর একটি গুরুত্বপূর্ণ সংযোগস্থলের পুনরুজ্জীবনের কাজ শেষ হবে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) সাফোক কাউন্টিতে প্রায় 2,800টি সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করেছে। Perry & Main এই প্রচেষ্টাকে অগ্রসর করছে এবং এটি গভর্নরের 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদি হাউজিং প্ল্যানের (Housing Plan) অংশ, যা স্টেটে 100,000টি সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণের উদ্দেশ্যে পূরণে সঠিক পথে আছে।

“আরো বেশি নিউ ইয়র্কবাসীরা উন্নতি করতে পারবেন এমন কমিউনিটিতে তাদের জন্য উচ্চ মানের সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য আমার প্রশাসনের অঙ্গীকারকে Perry & Main তুলে ধরে,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “গ্রামের ডাউনটাউনে পরিবহনের কাছাকাছি একটি মুখ্য সংযোগস্থলে এই আধুনিক ডেভেলপমেন্ট নিয়ে আসার মাধ্যমে আমরা ভবনটির বাসিন্দাদের সুযোগের সাথে যুক্ত করতে, স্থানীয় ব্যবসা ও কর্মশক্তিকে সমর্থন করতে, এবং পোর্ট জেফার্সনের পুনরুজ্জীবন চলমান রাখতে পারি। Perry & Main হলো প্রবৃদ্ধি ও ক্রয়ক্ষমতা এক সাথে মিলে মানুষের প্রাপ্য স্থিতিশীল বাড়ি ও শক্তিশালী কমিউনিটি তৈরি করার একটি উদাহরণ।”

নতুন নির্মিত মিশ্র আয়ের এই ডেভেলপমেন্টে 33টি এক বেডরুমের অ্যাপার্টমেন্ট এবং 20টি দুই বেডরুমের অ্যাপার্টমেন্ট থাকবে যা এলাকার মিডিয়ান আয়ের (Area Median Income) সর্বোচ্চ 80 শতাংশ পর্যন্ত আয় করা পরিবারগুলির সামর্থ্যের মধ্যে হবে; এবং একই সাথে থাকবে প্রায় 2,300 বর্গফুট বাণিজ্যিক স্থান।

পাঁচটি ইউনিট ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সহ বাসিন্দাদের জন্য নির্ধারিত থাকবে, যেখানে ভাড়াটিয়াদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে শিক্ষা ও প্রশিক্ষণের মতো অনসাইট সমর্থক সেবা থাকবে যা ACDS প্রদান করবে এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Office for People With Developmental Disabilities, OPWDD) এর পরিচালনার তহবিল দিবে। আরো পাঁচটি ইউনিটের ক্ষেত্রে ভেটেরানদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রজেক্টটি এছাড়াও চলাফেরার ডিজেবিলিটি রয়েছে এমন বাসিন্দাদের জন্য ছয়টি ইউনিট এবং সেন্সরি ডিজেবিলিটি রয়েছে এমন বাসিন্দাদের জন্য দুটি ইউনিট থাকবে।

পোর্ট জেফার্সনের Long Island Rail Road (LIRR) স্টেশন থেকে এক ব্লক দূরে অবস্থিত Perry & Main এখানকার বাসিন্দাদের লং আইল্যান্ড (Long Island) এবং নিউ ইয়র্ক সিটিতে (New York City) চাকরির সুযোগের অ্যাক্সেস দিবে। এই ডেভেলপমেন্টটি পোর্ট জেফার্সনের আরবান রিনিউয়াল প্ল্যান (Urban Renewal Plan) এবং 2030 কমপ্রিহেনসিভ প্ল্যান আপডেটের (2030 Comprehensive Plan Update) অগ্রাধিকারগুলিকে অগ্রসর করবে এবং একই সাথে স্টেটের কর্মীবাহিনীর সুযোগের লক্ষ্যগুলিও (Workforce Opportunity Goals) অগ্রসর করবে।

বাসিন্দাদের জন্য থাকা সুবিধাগুলির মধ্যে থাকবে একটি ফিটনেস রুম, বাইরের স্থান, এবং স্কাইলাইনের দৃশ্যসহ একটি কমিউনিটি রুম।

সম্পূর্ণ ইলেকট্রিক ভবনটির টেকসই বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে প্রতিটি ইউনিটে Energy Star অ্যাপ্লায়েন্স, Energy Star বাতি, অত্যন্ত দক্ষতার সাথে গরম ও ঠাণ্ডা করার জন্য এয়ার সোর্স হিট পাম্প, এবং শক্তি সাশ্রয়ী সতেজ অভ্যন্তরীণ বাতাসের জন্য সেমি সেন্ট্রাল এনার্জি রিকভারি ভেন্টিলেটর।

Perry & Main-এর ডেভেলপার হিসেবে কাজ করবে Conifer Realty, LLC। Community Development Long Island (CDLI) ননপ্রফিট স্পনসর এবং কো-ম্যানেজিং সদস্য হিসেবে কাজ করবে, তারা ডেভেলপমেন্ট, স্থানীয় অনুমোদন, মার্কেটিং, এবং ব্যবস্থাপনার ক্ষেত্রে সমর্থন প্রদান করবে।

অর্থায়নের মধ্যে সরকারি ও বেসরকারি বিভিন্ন উৎস রয়েছে, যেমন HCR-এর ফেডারেল ও স্টেট লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Federal and State Low-Income Housing Tax Credits) রয়েছে, যা 18 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ইকুইটি তৈরি করবে বলে আশা করা হচ্ছে। প্রজেক্টটি এছাড়াও HCR-এর প্রায় 7 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি পাবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ডের (Long Island Investment Fund) মাধ্যমে 3 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে প্রজেক্টটিকে সমর্থন করছে, যা লং আইল্যান্ড রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Long Island

Regional Economic Development Council, LIREDC) সুপারিশে দেওয়া হয়েছে, এবং একই সাথে পোর্ট জেফার্সন গ্রামকে অব্যবহৃত আবাসিক ও বাণিজ্যিক সম্পত্তির পুনরুজ্জীবনে সাহায্য করতে Restore New York Communities উদ্যোগের মাধ্যমে 2 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে।

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "আমি গর্বিত যে ফেডারেল লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট, যা সুরক্ষিত ও সম্প্রসারিত করার জন্য আমি কাজ করেছি, সাফোক কাউন্টিতে ট্রানজিট কেন্দ্রিক 53টি নতুন সাশ্রয়ী বাড়ি নির্মাণে সাহায্যের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার তৈরি করেছে। Perry & Main-এ ভেটেরান এবং ডিজেবিলিটি সহ ব্যক্তিদের জন্য নির্ধারিত সমর্থক অ্যাপার্টমেন্ট থাকবে। আমি স্টেট ব্যাপী সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি ও সংরক্ষণের জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি এবং এই প্রচেষ্টাগুলোকে সমর্থন করার জন্য প্রয়োজনীয় ফেডারেল রিসোর্স নিশ্চিত করার লড়াই আমি চালিয়ে যাব।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "নিরাপদ ও অ্যাক্সেসিবল একটি বাসস্থান সব নিউ ইয়র্কবাসীর অধিকার হওয়া উচিত, বিশেষাধিকার নয়। 38 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ পোর্ট জেফার্সনের LIRR স্টেশনের কাছে একটি গুরুত্বপূর্ণ এলাকার পুনরুজ্জীবনে সাহায্য করবে এবং একই সাথে লং আইল্যান্ডে বাড়তে থাকা খরচের মোকাবেলা করবে। এই প্রজেক্টে 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিটের অর্থ বরাদ্দ হতে দেখে আমি গর্বিত, এবং আমাদের স্টেটের প্রয়োজনীয় সাশ্রয়ী, সমর্থক আবাসন তৈরি করার জন্য প্রয়োজনীয় সংস্থান পাওয়ার জন্য আমি লড়াই চালিয়ে যাবো।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিসনাউস্কাস) বলেন, "ট্রানজিটের ঠিক পাশেই 53টি সাশ্রয়ী, সবার জন্য উপযোগী করে নকশা করা অ্যাপার্টমেন্টের এই 38 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টটি ডেভেলপমেন্টের বাসিন্দাদের জন্য অগণিত নতুন সুযোগ তৈরি করবে এবং গভর্নর Hochul-এর (হোকল) উচ্চাকাঙ্ক্ষী আবাসনের ক্রয়ক্ষমতার লক্ষ্য অর্জনের দিকে বাস্তব অগ্রগতি নির্দেশ করে। Perry & Main-কে এই অতি গুরুত্বপূর্ণ নতুন পর্যায়ে নিয়ে আসার জন্য ডেভেলপমেন্ট ও স্থানীয় সরকারের আমাদের পার্টনারদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের কমিশনার Willow Baer (উইলো বেয়ার) বলেন, "নিজের বলার মতো একটি নিজস্ব বাসস্থানের জন্য ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিসহ ব্যক্তি সহ সব নিউ ইয়র্কবাসীর স্বপ্ন পূরণ হওয়া উচিত। গভর্নর Hochul-এর (হোকল) আবাসন এজেন্ডা পুনঃপরিকল্পিত আবাসন প্রজেক্টগুলির মাধ্যমে এই স্বপ্নকে পুরো স্টেটে বাস্তবে রূপ দিতে সাহায্যে করছে, যেখানে গণপরিবহনের কাছাকাছি অবস্থানের মতো বাস্তব সুবিধা রয়েছে যা কমিউনিটিতে একত্রিত হতে এবং চাকরিতে সমর্থন করে। OPWDD এই সমর্থক আবাসন বিকল্পগুলির জন্য এবং এমন আবাসিক পরিকল্পনার জন্য কৃতজ্ঞ যা আমাদের বৈচিত্র্যময় কমিউনিটিগুলির সকলের জন্য উপযোগী এবং সকলের ও প্রতিনিধিত্ব করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) আবাসনের সরবরাহ বাড়ানোর প্রতিশ্রুতি নিউ

ইয়র্কের কমিউনিটিগুলিকে অব্যবহৃত সম্পত্তিগুলিকে এমন স্থানে রূপান্তর করতে সাহায্য করছে যেখানে মানুষ বসবাস, কাজ এবং উন্নতি করতে পারে। Perry & Main পোর্ট জেফার্সনের প্রাণকেন্দ্রে নতুন সাশ্রয়ী আবাসন নিয়ে আসবে, কাছাকাছি ট্রানজিটের মাধ্যমে এই ডেভেলপমেন্টের বাসিন্দাদের চাকরি ও সুযোগের সাথে যুক্ত করবে, এবং আগামী বহু বছর ধরে একটি একটি মুখ্য বাণিজ্যিক করিডোরকে জোরদার করবে।"

ESD বোর্ডের চেয়ার Kevin Law (কেভিন ল) বলেন, "লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড এবং Restore New York-এর মাধ্যমে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট Perry & Main এবং পোর্ট জেফার্সনের চলমান পুনরুজ্জীবনকে অগ্রসর করতে গুরুত্বপূর্ণ সমর্থন দিচ্ছে। এই মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টটি অনেক দিন ধরে পরিত্যক্ত সম্পত্তিগুলির জায়গায় নতুন আবাসিক ও বাণিজ্যিক কার্যক্রম নিয়ে আসবে, যা গ্রাম এবং বৃহত্তর লং আইল্যান্ড অঞ্চলের জন্য স্থায়ী মূল্য তৈরি করবে।"

LIREDC-এর কো-চেয়ার Linda Armyn (লিন্ডা আর্মিন) এবং Dr. Kimberly R. Cline (ডাঃ কিম্বারলি আর ক্লাইন) বলেন, "লং আইল্যান্ডের ভবিষ্যৎ এমন কমিউনিটি গড়ে তোলার উপর নির্ভর করে যেখানে জীবনের প্রতিটি পর্যায়ের মানুষ নিজের বলার মতো একটি বাড়ি খুঁজে পেতে পারবেন এবং তাদের আশপাশের মানুষ, পরিষেবা ও সুযোগের সাথে সংযুক্ত থাকতে পারবেন। ভেটেরান এবং ইন্টেলেকচুয়াল বা ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সহ বাসিন্দাদের জন্য বাসার পাশাপাশি নতুন বাণিজ্যিক স্থান থাকায়, Perry & Main এমন অন্তর্ভুক্তিমূলক, কমিউনিটি কেন্দ্রিক প্রবৃদ্ধির প্রতিফলন ঘটায় যা আমরা পুরো অঞ্চলে দেখতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য Rebecca Kassay (রেবেকা ক্যাসে) বলেন, "আপটাউন পোর্ট জেফার্সনে এই 53 ইউনিটের গণ ট্রানজিট কেন্দ্রিক সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টকে স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত। ক্রয়ক্ষমতার সংকটের মধ্যে, সাশ্রয়ী আবাসনের সুযোগ লং আইল্যান্ডে জীবনযাপনকে বাস্তবসম্মত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে তরুণ পেশাজীবী, কর্মজীবী পরিবার এবং আমাদের বয়স্কদের জন্য। শ্রবণ ও দৃষ্টিশক্তির সমস্যা সহ বাসিন্দাদের জন্য সুবিধা সম্পন্ন ইউনিট যোগ করা আমাদের অনেক ধরনের চাহিদা সম্পন্ন প্রতিবেশীদের জন্য সমর্থক আবাসনের সুযোগ নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। এই মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টটি বর্তমানে এই সম্পত্তিতে থাকা জরাজীর্ণ, পরিত্যক্ত ভবনগুলির জায়গা নিবে, এবং তা করার মাধ্যমে আমাদের কমিউনিটিতে বসবাস ও কাজ করার জন্য, অথবা যাতায়াতের জন্য কাছাকাছি গণপরিবহন ব্যবহার করার জন্য একটি নিরাপদ ও নির্ভরযোগ্য আবাসনের সুযোগ তৈরি করবে। আমাদের ডিস্ট্রিক্টকে শক্তিশালী করতে সাহায্য করার জন্য এই মিশ্র ব্যবহারের বাণিজ্যিক ও কর্মীবাহিনীর জন্য আবাসনের পরিকল্পনা তৈরি করার জন্য আমি Conifer Realty এবং Community Development Long Island-এর প্রশংসা করছি। এলাকায় স্বাগতম!"

পোর্ট জেফার্সন গ্রামের মেয়র Lauren Sheprow (লরেন শেপ্রো) বলেন, "পোর্ট জেফার্সনের সাউথ ভিলেজে (South Village) উল্লেখযোগ্য পরিবর্তন ঘটছে, এবং আমাদের গ্রামের একেবারে দক্ষিণ প্রান্তে Conifer-এর প্রজেক্টগুলি এই পরিবর্তনে নেতৃত্ব দিচ্ছে। Perry & Main অনেক দিন ধরে পরিত্যক্ত ও জরাজীর্ণ সম্পত্তিগুলির জায়গায় মানসম্মত আবাসন, নতুন বাণিজ্যিক স্থান এবং আমাদের প্রিয় গ্রামে প্রবেশের জন্য আরো স্বাগত একটি গেটওয়ে তৈরি

করবে। LIRR স্টেশনের কাছাকাছি এর অবস্থান আবাসন, পরিবহন এবং আমাদের ডাউনটাউনের মধ্যের সংযোগকে আরো শক্তিশালী করবে, এবং একই সাথে এই গুরুত্বপূর্ণ এলাকায় নতুন প্রাণ ও সুযোগ নিয়ে আসবে। পোর্ট জেফার্সনের চলমান পুনরুজ্জীবনে বিনিয়োগ করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল), নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের সকল পার্টনারদের কাছে কৃতজ্ঞ।"

ব্রুকহাভেন টাউনের সুপারভাইজার Daniel Panico (ড্যানিয়েল পানিকো) বলেন, "মেয়র Lauren Sheprow (লরেন শেপ্রো) এবং পোর্ট জেফার্সন ভিলেজ বোর্ড (Port Jefferson Village Board) আপার পোর্টের (Upper Port) পুনরুজ্জীবনের জন্য অত্যন্ত কঠোর পরিশ্রম করেছেন। মেয়র Sheprow (শেপ্রো) যেমন দৃঢ়প্রতিজ্ঞ, তেমনি নিষ্ঠাবান, এবং আমি জানি এই নতুন রিডেভেলপমেন্ট সুন্দর পোর্ট জেফার্সন ভিলেজের প্রবেশপথকে আরো আকর্ষণীয় করে তুলতে সাহায্য করবে।"

Conifer Realty-এর নিউ ইয়র্ক ডেভেলপমেন্টের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট Lisa Kaseman (লিসা কাসেম্যান) বলেন, "Perry & Main হলো এমন ডেভেলপমেন্ট যার মতো আরো লং আইল্যান্ডের প্রয়োজন, যা অব্যবহৃত, পরিত্যক্ত ভবনগুলিকে প্রাণবন্ত আবাসিক ও বাণিজ্যিক স্থানে রূপান্তরিত করে। পোর্ট জেফার্সন গ্রাম প্রথম দিন থেকেই অসাধারণ একজন পার্টনার হিসেবে কাজ করেছে। ভিলেজের মধ্যে আমাদের বিদ্যমান Port Jefferson Crossing অ্যাপার্টমেন্টের জন্য ওয়েটিং লিস্টে 800টির বেশি পরিবার রয়েছে, যা এই কমিউনিটিতে সাশ্রয়ী আবাসনের জরুরি প্রয়োজনকে স্পষ্ট করে। এই প্রতিটি আবেদন এমন একজন ব্যক্তি বা পরিবারের প্রতিনিধিত্ব করে, যারা পোর্ট জেফার্সনে বসবাস করতে চায় কিন্তু তাদের সাধ্যের মধ্যে একটি বাড়ি খুঁজে পাচ্ছে না, এর মধ্যে এখানে বড় হওয়া তরুণ মানুষ, এখান থেকে চলে যেতে চান না এমন বয়স্ক মানুষ আছেন। Perry & Main একা এই সমস্যার সমাধান করবে না, কিন্তু আমাদের স্টেট ও স্থানীয় পার্টনারদের সম্মিলিত প্রচেষ্টার কারণে 53টি পরিবার একটি বাড়ি পাবে।"

Community Development Long Island-এর প্রেসিডেন্ট ও CEO গোয়েন ও'শিয়া (Gwen O'Shea) বলেন, "CDLI-এ আমরা বিশ্বাস করি যে সব মানুষের জন্য যে স্থান সব থেকে বেশি স্থিতিশীলতা তৈরি করে তা হলো বাড়ি। Perry & Main পোর্ট জেফার্সনের হাঁটাচলার উপযোগী ও গণ ট্রানজিট কেন্দ্রিক কমিউনিটিতে পরিবার, কর্মজীবী এবং সহায়ক আবাসনকে মিশ্রিত করার মাধ্যমে সেই দৃষ্টিভঙ্গিকে বাস্তবে রূপ দিচ্ছে। শক্তিশালী কমিউনিটি হলো এমন স্থান যেখানে অনেক আয়, বয়স, পটভূমি ও সক্ষমতার মানুষ স্থিতিশীল আবাসন পাবেন এবং এই কমিউনিটি সেটিকে বাস্তবে রূপ দিচ্ছে বলে আমরা অত্যন্ত গর্বিত।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা
গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধানের জন্য এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং বাসযোগ্য করার জন্য নিবেদিত আছেন। 2023 অর্থবছর থেকে, গভর্নর আবাসন সরবরাহ বৃদ্ধি এবং এটিকে আরো সাশ্রয়ী করার লক্ষ্যে 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি পাঁচ-বছর মেয়াদী ব্যাপক আবাসন পরিকল্পনা চালু করেছেন, কয়েক দশকের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ আবাসন চুক্তি কার্যকর করেছেন এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর

নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। এখন পর্যন্ত পুরো স্টেটের 450টির বেশি কমিউনিটি প্রো-হাউজিং স্বীকৃতি পেয়েছে। এর মধ্যে পোর্ট জেফার্সন গ্রাম এবং ব্রুকহ্যাভেন টাউন আছে।

2027 অর্থবছরের (Fiscal Year, FY) বাজেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের State Environmental Quality Review Act (SEQRA)-তে বেশ কয়েকটি যুগান্তকারী সংস্কার নিশ্চিত করেছেন যাতে তার "লেট দেম বিল্ড (Let Them Build)" এজেন্ডার অংশ হিসেবে আবাসন ও অবকাঠামো নির্মাণের কাজকে দ্রুত করা যায় এবং খরচ কমানো যায়। "লেট দেম বিল্ড"-এর মধ্যে এছাড়াও এমন এক্সিকিউটিভ পদক্ষেপ আছে যাতে এমন অতি গুরুত্বপূর্ণ শ্রেণীর প্রজেক্টকে অগ্রসর করা যায় যেগুলি পরিবেশে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে না বলে ধারাবাহিকভাবে দেখা গেছে কিন্তু তার পরেও অনেক দিন ধরে টেপের কারণে আটকে আছে এবং অনেক বিলম্বের শিকার হচ্ছে।

2027 অর্থবছরের নির্বাহী বাজেট গভর্নরের বর্তমান পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনাকে পূর্ণতা দেবে, যার লক্ষ্য স্টেট ব্যাপী 100,000 সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করা, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবাসহ 10,000 আবাসন নিশ্চিত করার পাশাপাশি অতিরিক্ত 50,000 বাড়িকে বিদ্যুতায়নের আওতায় আনা অন্তর্ভুক্ত রয়েছে। এ পর্যন্ত 87,000-এরও বেশি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও হাজার হাজার নতুন সাশ্রয়ী হাউজিং নির্মাণকে দ্রুত করতে এক্সিকিউটিভ বাজেট ক্যাপিটাল তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।